



Faizur Rahman Ideal Institute

ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট

জাতীয় শোক দিবসে প্রধান শিক্ষকের বাণীঃ

আজ ১৫ই আগস্ট, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী। আমি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। ১৯৭৫ সালের এ দিনে বাঙালি জাতির জীবনে নেমে এসেছিল এক মহা দুর্যোগ। হত্যার কলংক কালিমায় মলিন হয়েছিল বাংলার আকাশ। বাংলাদেশের স্বাধীনতার স্বপতি, যাঁর ডাকে সাড়া দিয়ে গর্জে উঠেছিল বাংলার আপামর জনসাধারণ, সে উদ্দীপ্ত বলিষ্ঠ বজ্রকণ্ঠকে চিরতরে স্তব্ধ করার জিঘাংসা নিয়ে বাঁপিয়ে পড়েছিল কতিপয় মনুষ্যরূপী হায়েনা। তাদের নারকীয় হত্যাযজ্ঞের শিকার হয়ে ধানমন্ডির নিজ বাসভবনে বাঙালি জাতির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শহীদ হন। একই সাথে শহীদ হন তাঁর সহধর্মিণী শেখ ফজিলাতুন্নেছা মুজিব, পুত্র শেখ কামাল, শেখ জামাল, শিশুপুত্র শেখ রাসেল সহ আরো আত্মীয় পরিজন। এদিনটি আমাদের জন্য অবিস্মরণীয় শোকের দিন।

যে শোক প্রশমিত হবার নয়, সে শোককে শক্তিতে পরিণত করেছেন বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা, দক্ষতা ও যোগ্যতায় অনন্য আমাদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১৫ই আগস্ট ঘাতকচক্র বঙ্গবন্ধুকে হত্যা করলেও তাঁর আদর্শ ও স্বপ্নের মৃত্যু ঘটাতে পারেনি। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে দূত এগিয়ে চলেছে।

বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক অবিচ্ছেদ্য আত্মা। তিনি ছিলেন মুক্তিযুদ্ধের চেতনার অনির্বাণ উৎস। বিপর্যস্ত জাতির সামনে তিনি খুলে দিয়েছিলেন সোনালি উষার স্বর্ণদ্বার। এটা নিশ্চিত সত্য যে, এ দেশের কোটি কোটি মানুষের মনে ও বাংলার ইতিহাসে অমর, অক্ষয় হয়ে থাকবেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

আজকের দিনে বিনম্র চিত্তে শ্রদ্ধা নিবেদন করছি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দ সহ সকল শহীদের প্রতি। মহান রাব্বুল আলামীনের নিকট তাঁদের আত্মার মাগফিরাত কামনা করছি।

জয় বাংলা।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত বার্ষিকী-১৫ আগস্ট "জাতীয় শোক দিবস" উদযাপন উপলক্ষে ফয়জুর রহমান আইডিয়াল ইন্সটিটিউট, ঢাকা কর্তৃক শ্রেণিভিত্তিক ভার্চুয়াল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

১ম, ২য় ও ৩য় শ্রেণি (গ্রুপ -ক)

প্রতিযোগিতার বিষয় হলো -

- (১) হামদ বা নাত
- (২) দিবসের সাথে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ
- (৩) চিত্রাংকন (উন্মুক্ত)

শিক্ষার্থীরা নিজ নিজ বাসায় থেকে শ্রেণিভিত্তিক উপরোক্ত ইভেন্টগুলোতে অংশগ্রহণ করে এগুলোর ভিডিও শ্রেণিভিত্তিক ফেসবুক পেইজে আপলোড করবে। আপলোড করার সময় শিক্ষার্থীদের নিজের নাম, শ্রেণি, শাখা, রোল ও ব্রাঞ্চের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

চিত্রাংকন প্রয়োজনে যার যার ব্রাঞ্চে জমা দিতে পারবে।

জমা বা আপলোড দেয়ার শেষ সময় ১৫ই আগস্ট।

আগামী ১৫ আগস্ট, ২০২০, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস -২০২০ উপলক্ষে ফয়জুর রহমান আইডিয়াল ইন্সটিটিউট, ঢাকা ভার্চুয়াল মাধ্যমে শ্রেণি ভিত্তিক প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে।

প্রতিযোগিতার বিষয়ঃ

৪র্থ ও ৫ম শ্রেণিঃ

- ১। হামদ/ নাতে রাসুল সাঃ
- ২। দিবসের সাথে সঙ্গতিপূর্ণ কবিতা আবৃত্তি
- ৩। চিত্রাঙ্কন (উন্মুক্ত)

৬ষ্ঠ ও ৭ম শ্রেণিঃ

- ১। হামদ/ নাতে রাসুল সাঃ
- ২। দিবসের সাথে সঙ্গতিপূর্ণ কবিতা আবৃত্তি
- ৩। রচনা প্রতিযোগিতাঃ খোকা থেকে বঙ্গবন্ধু (৬০০ শব্দ)

আগ্রহী শিক্ষার্থীরা বাসা থেকে নিজ নিজ শ্রেণির ইভেন্টগুলোতে অংশ গ্রহণ করতে পারবে। এগুলোর ভিডিও বা লিখিত কন্টেন্ট শ্রেণিভিত্তিক ফেসবুক পেইজে আপলোড দিবে। আপলোড দেয়ার সময় ইভেন্টের নাম, নিজের নাম, শ্রেণি, শাখা, রোল, ব্রাঞ্চ অবশ্যই উল্লেখ করবে।

উল্লেখ্য, শিক্ষার্থীরা প্রয়োজনে রচনা বা চিত্রাঙ্কন নিজ নিজ ব্রাঞ্চে জমা দিতে পারবে।

জমা বা আপলোড দেয়ার শেষ সময় ১৫ আগস্ট, ২০২০।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত বার্ষিকী-১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে ফয়জুর রহমান আইডিয়াল ইন্সটিটিউট, ঢাকা কর্তৃক শ্রেণিভিত্তিক ভার্চুয়াল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

৮ম, ৯ম ও ১০ম শ্রেণি (গ্রুপ-গ)

প্রতিযোগিতার বিষয়:

- (১) হামদ অথবা না'তে রাসূল (সা)
- (২) দিবসের সাথে সংগতিপূর্ণ কবিতাপাঠ
- (৩) রচনা প্রতিযোগিতা:

রচনার বিষয়: বঙ্গবন্ধু ও বাংলাদেশ (৮০০ শব্দ)।

শিক্ষার্থীরা নিজ নিজ বাসায় থেকে শ্রেণিভিত্তিক উপরোক্ত ইভেন্টগুলোতে অংশগ্রহণ করে এগুলোর ভিডিও শ্রেণিভিত্তিক পেইজে আপলোড দেবে। আপলোড দেওয়ার সময় শিক্ষার্থীর নিজের নাম, শ্রেণি, শাখা, রোল ও যার যার ব্রাঞ্চার নাম অবশ্যই উল্লেখ করতে হবে। রচনা লিখে প্রয়োজনে যার যার ব্রাঞ্চে জমা দিতে পারবে।

জমা বা আপলোড দেয়ার শেষ সময় ১৫ আগস্ট, ২০২০।